

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ ও বন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ঢাকা, ০৭ ডিসেম্বর ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

**পেরু বিশ্ব জলবায়ু সম্মেলন**

**ক্ষতিগ্রস্ত দেশসমূহকে ক্ষতিপূরণ প্রদানের অনুরোধ জানিয়েছে বাংলাদেশ**

জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশসহ ক্ষতিগ্রস্ত দেশসমূহকে 'লস ও ড্যামেজ' কাঠামোর আওতায় যথাযথ ক্ষতিপূরণ প্রদানের পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়েছে বাংলাদেশ। গতকাল ০৬ ডিসেম্বর বিশ্ব জলবায়ু সম্মেলনের 'সাবসিডিয়ারি বডি ফর টেকনোলজিক্যাল এডভাইজ' বা 'সাবস্টার' সমাপনী অধিবেশন অনুষ্ঠিত হয়। এ অধিবেশনে বাংলাদেশের পক্ষে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ নজিবুর রহমান জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত দেশসমূহকে 'লস ও ড্যামেজ' কাঠামোর আওতায় যথাযথ ক্ষতিপূরণ প্রদানের পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

এছাড়া নাইরোবী কর্মপরিকল্পনার আওতায় জলবায়ু পরিবর্তনের ঝুঁকিপূর্ণ দেশ হিসাবে বাংলাদেশে অভিযোজন কার্যক্রম বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন। সুনির্দিষ্টভাবে তিনি বিভিন্ন সেক্টরের কার্যক্রম বৃদ্ধিতে কারিগরি সহায়তা ও সক্ষমতা অর্জনে উন্নয়নশীল দেশসমূহকে সহায়তা প্রদানের অনুরোধ জানান। এছাড়া তিনি টেকনোলজিক্যাল ও অর্থায়ন সংক্রান্ত বিষয়াদি পারস্পরিকভাবে আরো সম্পর্কযুক্ত করার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশ্ব সম্মেলনের ৬ষ্ঠ দিনে বাংলাদেশ স্বল্পোন্নত দেশসমূহের পক্ষে ডারবান প্ল্যাটফর্ম বিষয়ক খসড়া সিদ্ধান্ত টেক্সট-এর ওপর গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেছে। এ মতামতে ২০২০ সালের পূর্ব জলবায়ু কর্মপরিকল্পনার ক্ষেত্রে বেশ কিছু সংশোধন, বিয়োজন এবং সংযোজনের প্রস্তাব করা হয়েছে। যা বিভিন্ন দেশ কর্তৃক সমর্থিত হয়েছে। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ নজিবুর রহমান স্বল্পোন্নত দেশসমূহের পক্ষে এ মতামত ব্যক্ত করেছেন। উল্লেখ্য, চলতি জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশ্ব সম্মেলনে বাংলাদেশ ডারবান প্ল্যাটফর্ম সংক্রান্ত আলোচনায় স্বল্পোন্নত দেশসমূহের সমন্বয়কের দায়িত্ব পালন করেছে। এ ক্ষেত্রে ৪৮ টি দেশের পক্ষে কোপ-২০ এর নেগোসিয়েশনের বিভিন্ন পর্যায়ে বাংলাদেশ ফলপ্রসূভাবে ভূমিকা পালন করেছে।

বাংলাদেশ প্রতিনিধি দল আজ যুক্তরাজ্য ও জাপানের প্রতিনিধি দলের সাথে দ্বিপাক্ষিক আলোচনা করেছে। যুক্তরাজ্যের সাথে আলোচনায় জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট বিরূপ প্রভাব মোকাবেলায় যৌথভাবে কর্মসূচি বাস্তবায়নের সম্ভাব্যতা পর্যালোচনা করা হয়েছে। জাপানের সাথে আলোচনায় বাইল্যাটারাল অফসেট ক্রেডিট মেকানিজমের বা বিওসিএম এর আওতায় কার্যক্রম গ্রহণের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং অগ্রাধিকার ভিত্তিতে বিওসিএম কার্যক্রম বাস্তবায়নের পদ্ধতি নিয়ে আলোচনা করা হয়।

সন্ধ্যায় বাংলাদেশ প্রতিনিধি দল সমন্বয় সভার মাধ্যমে নেগোসিয়েশনের ৬ষ্ঠ দিনের গতি প্রকৃতি নিয়ে পর্যালোচনা করে আগামী কালের জন্য প্রস্তুতি গ্রহণ করেছে।

(নোট : পেরু থেকে বাংলাদেশ প্রতিনিধি দলের পাঠানো সংবাদ)

মোস্তফা কামাল পাশা  
সিনিয়র তথ্য অফিসার  
০১৮১২২৮৫০৫৬